



বঙ্গভবনে পৌঁছেছেন নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল



ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি হিসেবে শপথ নেওয়ার আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে বঙ্গভবনে প্রবেশ করেছেন নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যা ৫টা ৫০ মিনিটের দিকে তার গাড়িবহর বঙ্গভবনে পৌঁছায়। শপথ অনুষ্ঠান ঘিরে বঙ্গভবন ও আশপাশের এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। প্রধান ফটকসহ গুরুত্বপূর্ণ কয়েকটি স্থানে বাড়তি পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য দায়িত্ব পালন করছেন। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের প্রবেশের আগে পরিচয়পত্র ও আমন্ত্রণপত্র যাচাই করা হচ্ছে।

শপথ অনুষ্ঠানে মন্ত্রী, সংসদ সদস্য, রাজনৈতিক দলের নেতা, বিচারপতি, কূটনীতিকসহ বিভিন্ন পর্যায়ের বিশিষ্টজনদের অংশ নেওয়ার কথা রয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগ সূত্র জানিয়েছে, সন্ধ্যা সাড়ে ৭টায় বঙ্গভবনের দরবার হলে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের শপথ অনুষ্ঠিত হওয়ার কথা। জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামাল তাকে শপথবাক্য পাঠ করাবেন। অনুষ্ঠানটি সম্বলনা করবেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণি।

শপথের পর রাষ্ট্রপতি শপথ বইয়ে স্বাক্ষর করবেন। এরপর আনুষ্ঠানিকভাবে রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করবেন তিনি।

বঙ্গভবনের অনুষ্ঠানে ১ হাজার ২০০ জনের বেশি অতিথিকে আমন্ত্রণ জানানো হয়েছে। রাষ্ট্রপতির শপথের পর চারজন নতুন মন্ত্রী ও একজন প্রতিমন্ত্রীর শপথ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।